দৈনিক বাংলা
তারিখ 08 APR 1989
পৃষ্ঠা 1 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র


# ভবিষ্যৎ নেতৃত্ব নিতে ছাত্রদের তৈরি হতে হবে: কাজী জাফর

উপপ্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ শিক্ষক ও অভিভাবকদের প্রতি ছাত্রদেরকে এমনভাবে গড়ে তোলার আহবান জানিয়েছেন যাতে তারা দেশের ভবিষ্যৎ দায়িত্ব নিতে পারে। খবর বাসসর।

তিনি বৃহস্পতিবার ঢাকার মগদাপাড়ায় কাজী জাফর আহমদ হাইস্কুলে বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান উপলক্ষে সর্বস্তরের জনসাধারণের এক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

কাজী জাফর আহমদ বলেন, ছাত্রদেরকে ভবিষ্যৎ নেতৃত্ব গ্রহণের প্রস্তুতি নেয়ার জন্য পড়ালেখায় মন দিতে হবে।

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)



উপপ্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ বৃহস্পতিবার ঢাকার মুগদাপাড়ায় 'কাজী জাফর আহমদ হাই স্কুলের' বার্ষিক ক্রীড়ানুষ্ঠানে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন

## কাজী জাফর

(১-এর পৃঃ পর)

উপপ্রধানমন্ত্রীর দেয়া একখণ্ড জমির ওপর স্কুলটি নির্মিত হয়েছে।

জনাব কাজী জাফর বলেন, এই জমি জাতি গঠন তৎপরতায় ব্যবহৃত হচ্ছে দেখতে পেয়ে তিনি গর্ব বোধ করছেন।

উপপ্রধানমন্ত্রী এই স্কুলের জন্য তার ব্যক্তিগত তহবিল থেকে ৫০ হাজার টাকা দিয়েছেন।

কাজী জাফর আহমদ বলেন, প্রেসিডেন্ট এরশাদের সরকার সমাজকে নিরক্ষরতা থেকে মুক্ত করতে দৃঢ়সংকল্প। তিনি এলাকার জনসাধারণকে আশ্বাস দেন যে তিনি যথাযথ কর্তৃপক্ষের কাছে একটি পার্ক ও একটি খেলার মাঠের জন্য তাদের দাবী তুলে ধরবেন।

অনুষ্ঠানের বিশেষ অতিথি শিক্ষমন্ত্রী শেখ শহীদুল ইসলাম স্কুলটির উন্নয়নের জন্য যথাসাধ্য চেষ্টা করার আশ্বাস দেন।

উপপ্রধানমন্ত্রী পরে ছাত্রদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

অনুষ্ঠানে জনাব আবদুর রহিম এমপি সভাপতিত্ব করেন।